LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

সোমবার, ৯ই জুলাই , ২০১৮ ইং

তিন প্রান্তিকেই বিক্রি কমেছে শাহজিবাজার পাওয়ারের

সরকারের কাছে আগের চেয়ে কম বিদ্যুৎ বিক্রি ও সাবসিডিয়ারি কোম্পানির আয় কমে যাওয়ায় চলতি হিসাব বছরে আশানুরূপ ব্যবসা করতে পারেনি শাহজিবাজার পাওয়ার কোম্পানি লিমিটেড। এতে তিন প্রান্তিকেই কোম্পানিটির বিক্রি ও মুনাফা আগের বছরের তুলনায় কমেছে। এছাড়া চলতি বছরের মে মাসে সাবসিডিয়ারির একটি বিদ্যুৎকেন্দ্র উৎপাদনে আসার কথা থাকলেও নির্ধারিত সময়ের মধ্যে এর কাজই শেষ করতে পারেনি তারা। নির্ধারিত সময়ে বিদ্যুৎকেন্দ্রটি বাণিজ্যিকভাবে উৎপাদনে গেলে চলতি বছর শাহজিবাজারের আর্থিক প্রতিবেদনে বাড়তি আয় যোগ হতো। শাহজিবাজার পাওয়ারের কোম্পানি সচিব ইয়াসিন আহমেদ বণিক বার্তাকে বলেন, গত বছর আমাদের কাছ থেকে সরকার যে পরিমাণ বিদ্যুৎ কিনেছিল, এ বছর তার চেয়ে কম কিনেছে। মূলত বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ডের (বিপিডিবি) নিজস্ব কেন্দ্রের বিদ্যুৎ সরবরাহ বেড়ে গেলে বেসরকারি খাত থেকে সরকারের বিদ্যুৎ কেনার পরিমাণ কমে যায়। তাছাড়া আমাদের সাবসিডিয়ারি কোম্পানি পেট্রোম্যাক্স রিফাইনারির আয়ও এ বছর কমেছে। ফলে সব মিলিয়েই এ বছর ব্যবসা তেমন ভালো যায়নি। http://bonikbarta.net

প্রস্তাবনা দেয়নি শ্রমিক মালিক কোনো পক্ষই

শ্রমঘন পোশাক খাতের মজুরি বোর্ড গঠনের আনুষ্ঠানিক ঘোষণা আসে চলতি বছরের ১৪ জানুয়ারি। বোর্ডের প্রথম সভা অনুষ্ঠিত হয় গত ১৯ মার্চ। ওই সভায় মালিক ও শ্রমিক উভয় পক্ষকে নির্দেশ দেয়া হয় দ্বিতীয় সভার আগেই নতুন মজুরি কাঠামোর প্রস্তাবনা জমা দেয়ার জন্য। প্রথম সভার সাড়ে তিন মাস পর গতকাল অনুষ্ঠিত হয়েছে দ্বিতীয় সভা। তবে শ্রমিক ও মালিক কোনো পক্ষই নতুন কাঠামো নিয়ে নিজ নিজ প্রস্তাবনা জমা দেয়নি। এ অবস্থায় ১৬ জুলাইয়ের মধ্যে প্রস্তাবনা জমা দেয়ার নির্দেশনা দিয়েছে মজুরি বোর্ড। গতকাল বিকালে পোশাক খাতের মজুরি বোর্ডের সভা অনুষ্ঠিত হয়। নিম্নতম মজুরি বোর্ড দফতরে অনুষ্ঠিত সভায় নিরপেক্ষ সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কামাল উদ্দিন ছাড়া বাকি সব সদস্য উপস্থিত ছিলেন। মজুরি বোর্ডের চেয়ারম্যান ও সিনিয়র জেলা জজ সৈয়দ আমিনুল ইসলামের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন মালিকপক্ষের প্রতিনিধি ও বিজিএমইএর সভাপতি মো. সিদ্দিকুর রহমান, শ্রমিকপক্ষের প্রতিনিধি ও জাতীয় শ্রমিক লীগের নারীবিষয়ক সম্পাদক বেগম শামসুন্নাহার ভূঁইয়া, মালিকপক্ষের স্থায়ী প্রতিনিধি ও বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের শ্রম উপদেষ্টা কাজী সাইফুদ্দীন আহমদ এবং শ্রমিকপক্ষের স্থায়ী প্রতিনিধি ও বাংলাদেশ শ্রমিক লীগের কার্যকরী সভাপতি ফজলুল হক মন্টু। http://bonikbarta.net

আইসিএমএবি চট্টগ্রাম ব্রাঞ্চ কাউন্সিলের বাজেট নিয়ে আলোচনা

দি ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) চট্টগ্রাম ব্রাঞ্চ কাউন্সিলের উদ্যোগে ‘বাংলাদেশ জাতীয় বাজেট ২০১৮-১৯’ শীর্ষক এক আলোচনা অনুষ্ঠান সম্প্রতি চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই) অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। আইসিএমএবি চট্টগ্রাম ব্রাঞ্চ কাউন্সিলের চেয়ারম্যান কাজী মেরাজ উদ্দীন আরিফের সভাপতিত্বে অনুষ্ঠানে সেশন চেয়ারম্যান ছিলেন চট্টগ্রাম বেঞ্চের আয়কর আপিল ট্রাইব্যুনালের সদস্য এসএম আবু দাউদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অর্থ

মন্ত্রণালয়ের অর্থ বিভাগের উপসচিব ও আইসিএমএবির সচিব মো. আব্দুর রহমান খান। সভাপতির বক্তব্যে কাজী মেরাজ উদ্দীন আরিফ বাজেটের আওতায় সরকারের বিভিন্ন ব্যয়ের গুণগত মান উন্নয়নসহ যথাযথ আর্থিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা ও ভ্যালু ফর মানি নিশ্চিতকরণের ওপর গুরুত্বারোপ করেন। মূল প্রবন্ধ উপস্থাপক ২০১৮-১৯ অর্থবছরের বাজেটের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন। তিনি বাজেটের ব্যয়ের খাতগুলোর বিভাজন এবং অর্থ আইন, ২০১৮ ও আয়কর আইনের অভ্যন্তরীণ পরিবর্তনগুলো নিয়ে মতামত উপস্থাপন করেন। সেশন চেয়ারম্যান তার অভিজ্ঞতার আলোকে বাজেটের বিভিন্ন লক্ষ্য অর্জনের জন্য করণীয় বিষয়গুলো তুলে ধরেন।http://bonikbarta.net

বাণিজ্যযুদ্ধের ফলে বড় ক্ষতির আশঙ্কা মার্কিন সয়াবিনচাষীদের

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জাতীয় নিরাপত্তা ও মার্কিন শ্রমবাজার সুরক্ষা এবং চীনের অন্যায্য বাণিজ্যচর্চা প্রতিহত করতে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অর্থনীতিটির সঙ্গে বাণিজ্যযুদ্ধ শুরু করলেও এ পদক্ষেপের সবচেয়ে ক্ষতিকর প্রভাব পড়তে পারে মার্কিন কৃষক, বিশেষত সয়াবিন উৎপাদকদের ওপর। খবর সিএনএন, এএফপি। গত শুক্রবার থেকে চীনের ৩ হাজার ৪০০ কোটি ডলারের আমদানি পণ্যের ওপর ২৫ শতাংশ হারে শুল্ক কার্যকর হলে চীনও আগামী দুই সপ্তাহের মধ্যে সমমূল্যের বেশকিছু মার্কিন পণ্যের ওপর সমহারে শুল্ক কার্যকরের ঘোষণা দিয়েছে। বেইজিং এখনো শুল্কের আওতায় থাকা পণ্যগুলোর তালিকা সম্পূর্ণ না করলেও এর মধ্যে সয়াবিনসহ বেশকিছু কৃষিপণ্য থাকবে বলে নিশ্চিত করেছে। কৃষিপণ্যের ওপর এ অতিরিক্ত শুল্ক আরোপ করা হলে সরবরাহ শৃঙ্খল বাধাগ্রস্ত হবে এবং উৎপাদকদের সিদ্ধান্ত নিতে হবে যে, এই অতিরিক্ত খরচের দায় তারা নিজেদের কাঁধেই নেবেন নাকি মূল্য বাড়িয়ে সেটি ভোক্তাদের ওপর চাপিয়ে দেবেন। আবার মূল্যবৃদ্ধিতে চাহিদা কমে গেলে সেটি কর্মসংস্থানও হ্রাস করবে।http://bonikbarta.net

মার্কিন নিষেধাজ্ঞার ভয়ে ইরানে কার্যক্রম গুটিয়ে নিচ্ছে ফরাসি শিপিং কোম্পানি

মার্কিন নিষেধাজ্ঞায় পড়ে যাওয়ার আশঙ্কায় ইরানে কার্যক্রম বন্ধের ঘোষণা দিয়েছে বিশ্বের অন্যতম বৃহৎ কার্গো শিপিং জায়ান্ট সিএমএ সিজিএম। শনিবার এ ঘোষণা দিয়েছে ফরাসি কোম্পানিটি। এদিকে যুক্তরাষ্ট্রের গৃহীত নিষেধাজ্ঞার ক্ষতি পুষিয়ে নিতে আরো কিছু করতে ইউরোপীয় দেশগুলোর প্রতি দাবি জানিয়েছেন ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানি। খবর রয়টার্স। সম্প্রতি পারমাণবিক চুক্তি থেকে নিজেদের প্রত্যাহার করে নিয়ে ইরানের ওপর নতুন অবরোধের হুমকি দিয়েছে যুক্তরাষ্ট্র। তা সত্ত্বেও দেশে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে ইউরোপীয় কোম্পানিগুলোকে প্রভাবিত করার চেষ্টা করে যাচ্ছে তেহরান। এ পরিস্থিতিতে সিএমএ সিজিএমের ইরানে কার্যক্রম পরিচালনা থেকে সরে আসার ঘোষণা তেহরানের এ প্রচেষ্টাকে বড় ধাক্কা দেবে।http://bonikbarta.net

চালের নির্ভরযোগ্য উৎস হয়ে উঠছে মিয়ানমার

প্রতিকূল আবহাওয়ার জের ধরে ২০১৭ সালে বাংলাদেশসহ দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার কয়েকটি দেশে চাল উৎপাদন ব্যাহত হয়েছে। ফলে ক্রমবর্ধমান অভ্যন্তরীণ চাহিদা পূরণে খাদ্যপণ্যটি আমদানিতে ঝোঁকে এসব দেশ। প্রতিবেশী দেশগুলোয় চাল উৎপাদন ব্যাহত হলেও ব্যতিক্রম ছিল মিয়ানমার। গত বছর দেশটিতে খাদ্যপণ্যটির উৎপাদন রেকর্ড ছুঁয়েছে। বিপরীতে অভ্যন্তরীণ চাহিদায় ক্রমনিম্নমুখী প্রবণতা এ সময় দেশটির চাল রফতানিকারকদের বাড়তি মুনাফা গুনতে ভূমিকা রেখেছে। রোহিঙ্গা ইস্যুতে ভাবমূর্তি সংকট ছাপিয়ে আন্তর্জাতিক বাজারে চালের নির্ভরযোগ্য আমদানি উৎস হিসেবে সামনে চলে এসেছে মিয়ানমারের নাম। খবর ইলেভেন মিয়ানমার ও সিনহুয়া।http://bonikbarta.net